গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
প্রিন্সিপ্যালের কার্যালয়
বাংলাদেশ পুলিশ একাডেমী, সারদা, রাজশাহী।

স্মারক নং-বিপিএ/প্রশাসন/ ২৬৯৭ তারিখঃ১১/০৪/২০১৮ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

স্বরাষ্ট্র মন্ত্রণালয় স্মারক নং- ৪৪.০০.০০০০.০৯৫.০২.০০৬.১৭-৮২৬, তারিখ-২৬/১১/২০১৭খ্রিঃ এবং পুলিশ হেডকোয়ার্টার্স ঢাকার স্মারক নং-প্রশাসন/৭৮-২০১২/২৯২৯(৩) তারিখ ১৪/১২/২০১৭ খ্রিঃ মোতাবেক প্রিন্সিপ্যাল, বাংলাদেশ পুলিশ একাডেমী, সারদা, রাজশাহী এর কার্যালয়ে নিম্নবর্ণিত শূন্য পদসমূহ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত বাংলাদেশের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নলিখিত শর্তসাপেক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদন ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

ক্রঃ	পদের নাম	পদের সংখ্যা	বর্তমান বেতন স্কেল (জাঃ বেঃ স্কেল ২০১৫ মোতাবেক)	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
১.	বিক্রয় সহকারী	০১ (এক) টি	৮,৮০০-২১,৩১০/-	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

শর্তাবলী

১. নির্ধারিত আবেদন ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরমটি বাংলাদেশ পুলিশ একাডেমীর www.bpa.gov.bd ওয়েব সাইট এ এবং কার্যালয়ের প্রশাসন শাখায় পাওয়া যাবে। আবেদন ফরমের নির্দেশনা এবং চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।
২. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও স্থায়ী বাসিন্দা হতে হবে।
৩. বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।
৪. প্রিন্সিপ্যাল, বাংলাদেশ পুলিশ একাডেমী, সারদা, রাজশাহী বরাবর আবেদন করতে হবে।
৫. খামের উপর মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পাশে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।
৬. বিভাগীয় (চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য) প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।
৭. **আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।**
(ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা ৫×৫ সে.মি. আকারের রঙ্গিন ছবি আবেদন পত্রের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে।
(খ) প্রার্থীকে ১/২২১১/০০০০/২০৩১ নং কোডে ট্রেজারী চালানের মাধ্যমে ৫০/- (পঞ্চাশ) টাকা জমা দিয়ে চালানের মূলকপি আবেদনের সংঙ্গে সংযুক্ত করতে হবে এবং আবেদন ফরমের নির্ধারিত স্থানে চালান নম্বর, তারিখ এবং ব্যাংক ও শাখার নাম লিপিবদ্ধ করতে হবে।
(গ) নির্ভুল ঠিকানায় প্রবেশ পত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সংগে নিজের নাম ও ঠিকানা সম্বলিত ১০ (দশ) টাকার ডাকটিকেট লাগানো ৯.৫" × ৪" সাইজের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।
(ঘ) মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণ পত্রের সত্যায়িত ছায়ালিপি আবেদনের সাথে জমা দিতে হবে।

৮. মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের গত ১৯/০৬/২০১৭ খ্রিঃ তারিখের ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭-৭৭২ নং স্মারকে জারিকৃত পরিপত্র এবং ১৭/০১/২০১৮ খ্রিঃ তারিখের ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭/২৫ নং স্মারকে জারিকৃত সংশোধিত পরিপত্রের নির্দেশনা মোতাবেক মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকরি প্রার্থীকে নিম্নবর্ণিত ছক পূরণ করে এবং ছকে বর্ণিত কাগজপত্রের সত্যায়িত ছায়ালিপি সংযুক্ত করে আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

প্রার্থীর নাম,পিতার নাম ও ঠিকানা	মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা	প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক ও উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত সনদ	মুক্তিযোদ্ধার প্রমাণকের বিবরণী	মুক্তিযোদ্ধার জন্ম তারিখ	মন্তব্য
		(নাতি/নাতনির ক্ষেত্রে ছেলে/মেয়ে পক্ষ উল্লেখসহ)	১। লাল মুক্তিবার্তা নম্বর: ২। ভারতীয় তালিকা ও খন্ড নম্বর: ৩। গেজেট নম্বর ও তারিখ: ৪। সাময়িক সনদের নম্বর ও তারিখ: ৫। বামুস সনদের নম্বর ও তারিখ: (ক্রমিক নং ১ও ২ এ বর্ণিত তালিকায় নাম না থাকলে ৩ নং ক্রমিকে বর্ণিত গেজেটসহ ৪ ও ৫ নং ক্রমিকে বর্ণিত উভয় অথবা যে কোন একটি প্রমাণ দাখিল করতে হবে)	১। জন্ম নিবন্ধন অনুযায়ী জন্ম তারিখ: ২। জাতীয় পরিচয় পত্র অনুযায়ী জন্ম তারিখ: ৩। এসএসসি সনদ অনুযায়ী জন্ম তারিখ: ৪। জন্ম নিবন্ধন আইন অনুযায়ী সিটি কর্পোরেশন/পৌরসভা /ইউনিয়ন পরিষদের প্রত্যয়ন পত্র অনুযায়ী জন্ম তারিখ:	

৯. **লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রাদির মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে;**
(ক) ৮ নং ক্রমিকের ছকে বর্ণিত কাগজ পত্রের মূল কপি উপস্থাপন করতে হবে।
(খ) সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর/ পৌরসভার মেয়র/ ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে ।
(গ) জাতীয় পরিচয় পত্রের মূল কপি (অবশ্যই মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে। তবে যাদের জাতীয় পরিচয়পত্র এখনও হয়নি তাদের ওয়ার্ড কাউন্সিলর/ পৌরসভার মেয়র/ ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জন্ম নিবন্ধন সনদ মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।
(ঘ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণ স্বরূপ সকল সনদপত্র/সাময়িক সনদপত্র ।
(ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(জ) মুক্তিযোদ্ধা কোটায় চূড়ান্ত নির্বাচিত প্রার্থীকে অস্থায়ী নিয়োগ প্রদান করা যেতে পারে। তবে এ ক্ষেত্রে জতীয় জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল কর্তৃক চূড়ান্ত যাচাই-বাছাই শেষে মুক্তিযোদ্ধার সঠিকতা সম্পর্কে বিরূপ কোন তথ্য পাওয়া গেলে। অস্থায়ী নিয়োগ বাতিল হবেএবং গৃহীত সমুদয় সুবিধাদী প্রত্যর্পণ করতে বাধ্য থাকিবেন মর্মে সংশ্লিষ্ট প্রার্থী যোগদানের সময় ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে নোটারী পাবলিকের মাধ্যমে অঙ্গীকার নামা দাখিল করিবেন।
(ঝ) মুক্তিযোদ্ধা কোটায় চূড়ান্ত নির্বাচিত প্রার্থীকে দেশের প্রচলিত আইন অনুসারে ওয়ারিশ পত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা জীবিত থাকলে ওয়ারিশ পত্রে তার প্রতিস্বাক্ষর থাকবেএবং মুক্তিযোদ্ধা জীবিত না থাকলে ওয়ারিশ পত্রে কমপক্ষে ০১ (এক) জন ওয়ারিশের প্রতিস্বাক্ষর করতে হবে। কোন মুক্তিযোদ্ধার ওয়ারিশ অসত্য তথ্য প্রদান করে ওয়ারিশ পত্র গ্রহণ করলে তা বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে প্রচলিত আইনে ব্যবস্থা নেওয়া হবে।

১০. লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগ বিজ্ঞপ্তিতে ও আবেদনপত্রে উল্লিখিত সকল সনদ ও রেকর্ডপত্রের সত্যায়িত ছায়ালিপি ০১ সেট মৌখিক পরীক্ষা গ্রহণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সু-স্পষ্ট নাম, পদবী ও সীল থাকতে হবে।

১১. **আগামী ১০/০৫/২০১৮ খ্রিঃ তারিখ বিকাল ০৫.০০ ঘটিকার মধ্যে আবেদন পত্র ডাকযোগে এ কার্যালয়ে পৌছাতে হবে।** সরাসরি ও কার্যালয়ে কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না। মিথ্যা, ভুয়া, অস্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বেপ্রাপ্ত দরখাস্তসমূহ বাতিল বলে গণ্য হবে।

১২. **প্রার্থীর বয়সসীমা ১০/০৫/২০১৮ খ্রিঃ তারিখে ১৮- ৩০ বছরের মধ্যে হতে হবে।** তবে মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এভিডেভিট গ্রহণযোগ্য নয়।

১৩. নিয়োগের ক্ষেত্রে সরকারী সকল বিধি-বিধান এবং কোটা সম্পর্কিত প্রচলিত নীতিমালা অনুসরণ করতে হবে। নির্দিষ্ট কোটায় নিয়োগের দাবিদার প্রার্থীকে তার দাবির স্বপক্ষে সরকার নির্ধারিত সনদপত্র মৌখিক পরীক্ষার সময় দেখাতে হবে। অন্যথায় তার দাবি অগ্রাহ্য বলে গণ্য হবে। কোটার দাবিদার প্রার্থীদের সনদ/প্রমাণপত্র বিবেচনা/গ্রহণের সাক্ষাৎকার বোর্ড/বিভাগীয় নির্বাচনী বোর্ডের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪. নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ দেওয়া হবে না।

১৫. কোন কারণ দর্শানো ব্যতীরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন, সংযোজন, বিয়োজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
১৬. নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতীরেকেই এ বিজ্ঞপ্তি বাতিল করার এবং বিজ্ঞপ্তিতে পদের সংখ্যা কম বা বেশি করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৭. আবেদন পত্র গ্রহণ/বাতিল ও নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১১/৪/১৮
(মোহাম্মদ আনোয়ার হোসেন)
বিপি নং-৭৭০৩০২০৮১৪
পুলিশ সুপার (প্রশাসন)
পক্ষে-প্রিন্সিপ্যাল
বাংলাদেশ পুলিশ একাডেমী
সারদা, রাজশাহী।